অবিলম্বে প্রকাশের জন্য: 1/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করার মাধ্যমে আমাদের কমিউনিটিগুলিকে জোরদার করার পরিকল্পনা প্রকাশ করলেন

গভর্নর হাউজিংয়ের ঘাটতি সামাল দেওয়ার জন্য আরো হাউজিং বানানোর পরিকল্পনা ঘোষণা করলেন

পুরো স্টেটের কমিউনিটিগুলিতে পরিষ্কার ও নিরাপদ পানি দেওয়া হবে

স্থানীয় প্রোগ্রাম, ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট এবং পার্কের উন্নয়নে বিনিয়োগ করা হবে

নিউ ইয়র্কবাসীর জন্য যাতায়াত ও ভ্রমণের সময় উন্নত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে তার 2026 সালের স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করার মাধ্যমে নিউ ইয়র্কের (New York) কমিউনিটিগুলিকে জোরদার করার পরিকল্পনা প্রকাশ করলেন। গভর্নরের পরিকল্পনার মধ্যে আছে ঘাটতি পূরণ করার জন্য আরো হাউজিং গঠন করা, পরিষ্কার ও নিরাপদ পানি দেওয়া, স্থানীয় ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করা এবং যাতায়াতের সময় কম করা।

"ইরি ক্যানাল (Erie Canal) থেকে Brooklyn Bridge পর্যন্ত, নিউ ইয়র্ক একসময় নতুন ধরণের ইনফ্রাস্ট্রাকচার গঠনের শীর্ষে ছিলো, কিন্তু নিয়ন্ত্রণ ও পদক্ষেপের অভাব আমাদের অগ্রগতিকে থামিয়ে দিয়েছে, খরচ বাড়িয়ে দিয়েছে এবং সাধারণ নিউ ইয়র্কবাসীর জন্য দেরির কারণ হয়েছে। সেই দিন শেষ হয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমার স্টেট অফ দ্য স্টেটে বলা আছে যে কীভাবে আমরা সরকারকে আবার সচল করবো যাতে হাউজিং, পরিবহন এবং নিউ ইয়র্কবাসীর অনেক বেশি প্রয়োজন এমন অন্যান্য প্রজেক্টকে অগ্রসর করা যায়। একসাথে আমরা নতুনত্বের একটি নতুন যুগ শুরু করার সুযোগ তৈরি করবো যাতে নিশ্চিত করা যায় যে আমাদের ভবিষ্যতে সকল নিউ ইয়র্কবাসী সমৃদ্ধি করতে পারে।"

<u>আরো হাউজিং গঠন করা</u>

গভর্নর Hochul (হোকল) তিনি যে হাউজিং অগ্রগতির নেতৃত্ব দিয়েছেন তা অগ্রসর করবেন, আরো ঐতিহাসিক বিনিয়োগ এবং কমনসেন্স পলিসি পাশ করবেন যাতে হাউজিং ঘাটতির সমাধান করা যায় এবং হাউজিংয়ের খরচ কমানো যায়, যেমন:

- সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট দ্রুত গতিতে করতে, হাজার হাজার আরো সাশ্রয়ী বাসা ও রূপান্তরমূলক প্রজেক্টের নির্মাণের গতি বাড়াতে 250 মিলিয়ন মার্কিন ডলার;
- MOVE-IN NY প্রোগ্রামকে আরো তহবিল দেওয়ার মাধ্যমে আরো দ্রুত এবং আরো কম খরচে বাসা তৈরির নতুন ধরণের উপায় ব্যবহার করা যাতে আগামী দিনের ফ্যাক্টরিতে তৈরি এবং মডুলার নির্মাণের কৌশলকে সমর্থন করা যায়।
- লেজিস্লেশনের মাধ্যমে অনুমোদিত ল্যান্ড ব্যাংকের সংখ্যা বাড়ানো যাতে প্রতিষ্ঠা করার জন্য ল্যান্ড ব্যাংকের সংখ্যার সীমা 35 থেকে বাড়িয়ে 45 করা যায়; এবং
- বাসিন্দাদের জন্য অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার এবং উন্নয়ন কাজের জন্য তহবিল দিতে ম্যানুফ্যাকচার্ড হোম পার্ক ইমপ্রুভমেন্ট রিভলভিং লন ফান্ড (manufactured home park improvement revolving loan fund) তৈরি করা।

পরিষ্কার এবং নিরাপদ পানি দেওয়া

নিউ ইয়র্কের পানির ইনফ্রাস্ট্রাকচার হলো আমাদের জনস্বাস্থ্যের প্রাণশক্তি এবং আমাদের অর্থনীতি ও আমাদের কমিউনিটির মেরুদণ্ড। তবে, আমাদের বয়স্ক সিস্টেম পুরোনো ইনফ্রাস্ট্রাকচার, নতুন নতুন দূষক, এবং আমাদের পরিবেশ ও খাওয়ার পানির উৎসকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় উন্নয়নকাজের মতো অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে। সিউয়ারের মতো পর্যাপ্ত পানির ইনফ্রাস্ট্রাকচারের অভাব এছাড়াও পুরো স্টেটে প্রয়োজনীয় হাউজিং ডেভেলপমেন্ট এবং অর্থনৈতিক বিকাশ হতে দিচ্ছে না। আধুনিক সিউয়ার সিস্টেম হাউজিং বাড়ানোর অতি প্রয়োজনীয় ভিত্তি হিসেবে কাজ করে, নতুন এলাকা গঠন করতে এবং আর্বান সেন্টার পুনর্জীবিত করতে প্রয়োজনীয় লিটারেল আন্ডারগ্রাউন্ড ধারণক্ষমতা দিয়ে থাকে। এই মুহূর্তের সাথে তাল মেলাতে, গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাব হলো:

- পানির ইনফ্রাস্ট্রাকচারের জন্য একটি সাহসী, পাঁচ বছরের 3.75 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি, বছরে 750 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল, সিগনেচার পানির প্রোগ্রামগুলিকে সমর্থন ও বড় করতে থাকবে।
- একটি নতুন Smart Growth Water Grant প্রোগ্রাম শুরু করা, যা এমন সিউয়ার ও পানির প্রজেক্টের উপর মনোযোগ দিবে যা নতুন হাউজিং ইউনিট নির্মাণ করা এবং স্থায়ী চাকরি তৈরি করাকে সরাসরি সম্ভব করবে;
- নতুন নিয়মকানুন প্রতিষ্ঠা করা যা ল্যান্ডফিলগুলিকে ডিসচার্জ করার আগে উৎসে ক্ষতিকর দূষকের জন্য লিচেট পরিশোধন করার নির্দেশ দিবে, এবং স্থানীয় সরকারগুলিকে তা মান্য করার জন্য তহবিল দিবে; এবং
- আরো বেশি কমিউনিটিকে লেড সার্ভিস লাইন সনাক্ত করা এবং বদলে ফেলার অতি গুরুত্বপূর্ণ কাজে সমর্থন করার জন্য নতুন তহবিলের সুযোগ অগ্রসর করা।

আমাদের পার্কের উন্নয়ন করা

গভর্নর Hochul (হোকল) পুরো নিউ ইয়র্ক স্টেটে সবুজ স্থান বাড়াতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে শিশু ও পরিবারকে ঘরের বাইরে যাওয়ার, আনপ্লাগ করে খেলাধুলা করার, এবং প্রিয়জনের সাথে সময়

কাটানোর সুযোগ দেওয়া যায়। সেই লক্ষ্যের অংশ হিসেবে, গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাব হলো:

- High Falls State Park নির্মাণের জন্য পদক্ষেপ নেওয়া, এটি 40 একর ব্রাউনফিল্ডকে রোচেস্টারের (Rochester) প্রথম স্টেট পার্কে রূপান্তরিত করবে, এবং এক শতকের বেশি সময়ের মধ্যে প্রথমবারের মতো জিনেসি রিভারের (Genesee River) এই অংশে পাবলিক অ্যাক্সেস ফেরত আনবে।
- Denny Farrell Riverbank State Park-এর পুনর্জীবনের জন্য একটি প্রোগ্রাম শুরু করা যাতে করে এটি এর উপর নির্ভর করা বহু মিলিয়ন বাসিন্দাদের আরো ভালো সেবা দিতে পারে।
- Niagara Falls State Park-এর ফুটপ্রিন্ট বাড়ানো যাতে কাছের Whirlpool এবং Devil's Hole State Park-কে যোগ করা যায়। এই নতুন বিন্যাস এছাড়াও পার্কে প্রায় আরো দুই মাইল ট্রেইল যোগ করবে এবং রাস্তার আকর্ষণগুলির সাথে আরো ভালো সংযোগ দিতে কাজ করবে যার মধ্যে আছে নায়াগ্রার অ্যাকুয়ারিয়াম (Aquarium of Niagara) এবং Underground Railroad Heritage Center।

আমাদের কমিউনিটিকে জোরদার করা

NY Kicks শুরু করা: একটি ওয়ার্ল্ড কাপ লিগেসি ইনভেস্টমেন্ট ফান্ড

নিউ ইয়র্কে FIFA ওয়ার্ল্ড কাপ 2026 (FIFA World Cup 2026) আসা স্টেটের জন্য ঐতিহাসিক এই ইভেন্টকে স্থায়ী কমিউনিটির মূল্যে পরিণত করার একটি সুযোগ দেয়; এবং আমাদের সবথেকে কমবয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে খেলার প্রতি সারা জীবনের ভালোবাসা তৈরি করাকে সমর্থন করে। পুরো নিউ ইয়র্কে FIFA ওয়ার্ল্ড কাপের উৎসবের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) শুরু করবেন NY Kicks: একটি ওয়ার্ল্ড কাপ লিগেসি ইনভেস্টমেন্ট ফান্ড (World Cup Legacy Investment Fund) যা স্টেটের প্রত্যেক অঞ্চলে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে কমবয়সীদের সকারের ইনফ্রাস্ট্রাকচার গঠন করবে যা এই গ্রীষ্মকালের পরেও থেকে যাবে।

সংযোগ এবং কল্যাণ সম্ভব করতে কমিউনিটি সেন্টার গঠন করা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কোণায় আরো শক্তিশালী, আরো স্বাস্থ্যকর কমিউনিটি গঠন করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। সেজন্য গত বছর তিনি Building Recreational Infrastructure for Communities, Kids and Seniors (NY BRICKS) শুরু করেন। NY BRICKS পুরো নিউ ইয়র্ক স্টেটের অনুদান মিউনিসিপ্যালিটি এবং ননপ্রফিট অর্গানাইজেশনকে কমিউনিটি সেন্টার গঠন করতে বা সংস্কার করতে সমর্থন করে যা শারীরিক স্বাস্থ্য, মানসিক সুস্থতা, এবং কমবয়সী ও বয়স্ক ব্যক্তিদের জন্য কমিউনিটির সংযোগের প্রচার করে। এই প্রোগ্রামের সাফল্যের ভিত্তিতে, গভর্নর Hochul (হোকল) NY BRICKS তহবিলের একটি নতুন রাউন্ডের তহবিল দেওয়ার প্রস্তাব করছেন যা এমন সাশ্রয়ী এবং অ্যাক্সেসিবল কমিউনিটি স্পেস গঠন এবং সংস্কার করতে দেওয়া হবে যেখানে শিশুরা খেলতে, পরিবারগুলি সংযুক্ত হতে, এবং বয়স্করা সক্রিয় এবং জড়িত থাকতে পারবেন।

পুরো নিউ ইয়র্কে পারফর্মিং আর্টের স্থান সংরক্ষণ করা

নিউ ইয়র্কের লাইভ আর্টসের সম্ভার পর্যটকদের আকৃষ্ট করে, প্রাণবন্ত কমিউনিটি তৈরি করে, এবং নতুন আর্টিস্টদের সমর্থন করে স্টেটের অর্থনীতিতে একটি অতি প্রয়োজনীয় ভূমিকা পালন করে। তবে, অনেক ননপ্রফিট আর্টস অর্গানাইজেশন ভাড়া করা ভেন্যুর উপর নির্ভর করে, যা দীর্ঘমেয়াদি প্রজেক্টের পরিকল্পনা করার ক্ষেত্রে তাদের ক্ষমতাকে সীমিত করে এবং তাদেরকে রিয়েল এস্টেটের বাজারে পরিবর্তন বা ভাড়ার দাম বেড়ে যাওয়ার ক্ষেত্রে প্রভাবিত করে। 2020 সাল থেকে শুধু NYC-তেই প্রায় 50টি আর্টস ভেন্যু বন্ধ হয়ে গেছে এবং 2010-এর দশকে আরো কয়েক ডজন থিয়েটার, মিউজিক হল, এবং অন্যান্য লাইভ পারফরম্যান্সের স্থান স্থায়ীভাবে বন্ধ হয়ে গেছে।

পুরো স্টেটের অপেক্ষাকৃত ছোট পারফরম্যান্সের স্থানের দীর্ঘমেয়াদি ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করার জন্য গভর্নর Hochul (হোকল) একটি নতুন প্রোগ্রামের প্রস্তাব করেছেন, যার নাম (Saving Performing Arts and Cultural Experiences, NY SPACE)। উদ্যোগটি ননপ্রফিট পারফর্মিং আর্টস অর্গানাইজেশনগুলিকে থিয়েটার, কনসার্ট হল, এবং অন্যান্য লাইভ পারফরম্যান্সের স্থানের মতো ভেন্যুর ব্যবস্থা করতে সাহায্য করার জন্য তহবিল দিবে।

কাউন্টির মেলার ইনফ্রাস্ট্রাকচার উন্নত করা

নিউ ইয়র্কের কাউন্টির মেলাগুলি কমিউনিটিকে একত্রিত করে, স্থানীয় বিশেষত্ব এবং কৃষি ঐতিহ্য তুলে ধরে, এবং কমবয়সীদের শিক্ষা ও জড়িত হওয়ার সুযোগ দেয়। কাউন্টির মেলাকে সমর্থন করার জন্য এবং শিশুদের "আনপ্লাগ করে খেলাধুলা" করাকে সমর্থন করতে সাহায্য করার জন্য গভর্নর Hochul (হোকল) কাউন্টির মেলার ইনফ্রাস্ট্রাকচার উন্নত করতে, এবং মৌসুমের বাইরে ইভেন্টের ধারণক্ষমতাকে সমর্থন করতে বিনিয়োগ করার প্রস্তাব করেছেন। এই তহবিল নতুন শোয়ের এরিনা, বার্ন এবং কমবয়সীদের প্রতিযোগিতায় প্রাণীদের ধোয়ার সুযোগসুবিধার মতো প্রজেক্টকে; কমবয়সী এবং তাদের পরিবারের ব্যবহার করা ফেয়ারগ্রাউন্ডের বাথরুম ফ্যাসিলিটির উন্নয়ন; প্রাণী প্রদর্শনীর ভবনের বাইরে হাত ধোয়ার স্টেশন কেনা বা বসানো; এবং ক্যামেরা, মনিটর বা ব্যারিয়ারের মতো নিরাপত্তা সরঞ্জাম কেনাকে সমর্থন করবে।

<u>নিউ ইয়র্কবাসীর জন্য যাতায়াত এবং ভ্রমণ উন্নত করা</u>

জ্যামাইকা স্টেশনকে এর উপর নির্ভর করা বহু মিলিয়ন যাত্রীর জন্য নতুন করে কল্পনা করা

জ্যামাইকা স্টেশন (Jamaica Station) বহু মিলিয়ন নিউ ইয়র্কবাসীর যাতায়াতের জন্য অনেক গুরুত্বপূর্ণ, এটি কুইন্সের (Queens) স্টুডেন্টদের স্কুলে এবং কাজে যেতে দেয়, ভ্রমণকারীদের লং আইল্যান্ডে (Long Island) যাওয়া আসা করতে দেয়, নিশ্চিত করে যাতে সারা বিশ্বের ভ্রমণকারীরা সহজে এবং সাশ্রয়ীভাবে JFK Airport-এ যেতে পারেন, এবং নিউ ইয়র্কবাসীকে বিশ্বমানের স্পোর্টিং ও বিনোদনের ইভেন্টের সাথে সংযুক্ত করে। প্রতি উইকডেতে 1,000-এর বেশি ট্রেন এবং 200,000 যাত্রী জ্যামাইকা স্টেশনের ট্রানজিট ব্যবহার করেন, যা এটিকে নর্থ আমেরিকার (North America) চতুর্থ ব্যস্ততম কমিউটার রেল স্টেশন করে, এটির থেকে বেশি ব্যস্ত শুধু গ্র্যান্ড সেন্ট্রাল স্টেশন (Grand Central Station), পেন স্টেশন (Penn Station), এবং টরেন্টোর (Toronto) ইউনিয়ন স্টেশন (Union Station)। কিন্তু জ্যামাইকা স্টেশন কাস্টোমারের অভিজ্ঞতা এবং বিনিয়োগের দিক থেকে অনেক পিছিয়ে আছে; 23 বছর আগে শেষ এটির উন্নয়ন করা হয়েছিলো যখন 2003 সালে AirTrain JFK অপারেশন শুরু করে।

জ্যামাইকা স্টেশনে এর প্রাপ্য বিশ্বমানের স্টেশনের অভিজ্ঞতা পেতে এটিকে আধুনিক করার জন্য গভর্নর Hochul (হোকল) একটি নতুন করে কল্পনা করা জ্যামাইকা স্টেশনের নকশার প্রস্তাব করছেন। নতুন করে কল্পনা করা জ্যামাইকা স্টেশন আরো ভালো ট্র্যাফিক প্রবাহ তৈরি করতে সাহায্য করবে, এবং একটি বিশ্বমানের স্টেশন কমপ্লেক্স তৈরি করবে যেখানে এই স্টেশনের উপর নির্ভর করা বহু মিলিয়ন যাত্রীদের জন্য Long Island Railroad (LIRR) মেইন লাইন, NYC ট্রানজিট (NYC Transit), এবং AirTrain JFK-এর মধ্যে বিরামহীন সংযোগ স্থাপন করা হবে।

নিউ ইয়র্কবাসীর জন্য যাতায়াত উন্নত করতে Second Avenue Subway Crosstown Expansion অগ্রসর করা

গভর্নর তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) সেবা এলাকার সবথেকে প্রতিশ্রুতিশীল এক্সপ্যানশন প্রজেক্টগুলির একটির সম্ভাবনা বাড়াতে একটি সাহসী এবং নতুন ধরণের সমাধানের প্রস্তাব করেন, 125th Street-এর পশ্চিমে Q লাইনকে Lenox Avenue, St. Nicholas Avenue, এবং ব্রডওয়েতে (Broadway) শেষ হওয়া তিনটি নতুন স্টপ দিয়ে বড় করা। গভর্নর Hochul (হোকল) একটি সম্ভাবনার স্টাডি করার তহবিল দিয়েছেন, যেখানে দেখা গেছে যে Second Avenue Subway লাইনের নির্মাণকে ব্রডওয়ের পশ্চিম পর্যন্ত বাড়ানো শুধু সম্ভবই না, বরং বর্তমান ইস্ট হার্লেম (East Harlem) এক্সটেনশনের পর ফলো-আপ হিসেবে টানেলিং কাজ করা হলে তা অর্থ এবং সময় বাঁচাবে।

গভর্নর Hochul (হোকল) নকশা এবং প্রাথমিক ইঞ্জিনিয়ারিংয়ের জন্য তহবিল প্রজেক্টের পরবর্তী ফেজকে সমর্থন করার প্রস্তাব করেছেন যাতে টানেলকে 125th Street পর্যন্ত বাড়ানো যায়। 125th Street-এর এক্সটেনশনটি বহু মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য যাতায়াত উন্নত করবে, ম্যানহাটনে (Manhattan) সাতটি উত্তর-দক্ষিণ সাবওয়ে লাইনের ইন্টারসেকশন দিয়ে লাভবান হওয়া যাত্রীদের জন্য উল্লেখযোগ্য সময় বাঁচাবে, এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলিকে চাকরির সাথে সংযুক্ত করবে।

নিউ ইয়র্কবাসীর জন্য ইনফ্রাস্ট্রাকচার দেওয়ার রেকর্ড গঠন করা

গভর্নর Hochul (হোকল) যখন দায়িত্ব গ্রহণ করেন তিনি প্রতিজ্ঞা করেছিলেন যে বিশ্বমানের ইনফ্রাস্ট্রাকচার গঠন করার ক্ষেত্রে নিউ ইয়র্কের শীর্ষে থাকার অবস্থানকে পুনরায় প্রতিষ্ঠা করবেন। গভর্নর Hochul (হোকল) দেখিয়েছেন যে আমরা এমন স্কেলে এবং জরুরিভাবে নির্মাণ করতে পারি যাতে নিউ ইয়র্কবাসীরা তাদের অনেক বেশি প্রয়োজনীয় হাউজিং, পরিবহন, পানি, পার্ক, এবং অন্যান্য ইনফ্রাস্ট্রাকচার পেতে পারেন। দায়িত্ব নেওয়ার পর থেকে, গভর্নর Hochul (হোকল) যা করেছেন:

- পাঁচ বছরে পুরো স্টেটে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করতে রেকর্ড 25 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। ইতিমধ্যেই, 77,000 বাসার কাজ শেষ হয়েছে, যা গভর্নরকে তার লক্ষ্য অর্জনের নির্ধারিত সময়ের আগে রেখেছে।

- "সিটি অফ ইয়েস ফর হাউজিং অপরচুনিটি (City of Yes for Housing Opportunity)" নিশ্চিত করার জন্য সাশ্রয়ী হাউজিংকে সমর্থন করতে নিউ ইয়র্ক সিটিকে (New York City, NYC) আরো 1 বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, যা সিটির ইতিহাসের সবথেকে বেশি প্রভাবের প্রো-হাউজিং রিজোনিং, যা 80,000 নতুন বাসা তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।
- নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটির (New York City Housing Authority, NYCHA) জন্য অতি প্রয়োজনীয় উন্নয়ন করতে 1.6 বিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়েছেন, যা 123,000 বাসিন্দাদের লাভবান করেছে; এবং তাদের 25,000 বাসাকে সার্বিকভাবে আধুনিক করতে NYCHA Preservation Trust লেজিস্লেশন সাইন করেছেন যা এ ধরণের প্রথম।
- দেশের প্রথম যানজটের উপর দাম বসানোর প্রোগ্রাম (congestion pricing program) শুরু করেছেন, যার ফলে ট্র্যাফিক কমেছে, আরো পরিষ্কার বাতাস, এবং আরো নিরাপদ রাস্তা পাওয়া গেছে, একই সাথে গণপরিবহন উন্নয়নের তহবিল হিসেবে 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তৈরি করেছে।
- বড় ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট অগ্রসর করেছেন যার জন্য অনেক জেনারেশন ধরে কথা হবে: IBX, Second Avenue Subway-এর ফেজ 2, নতুন মিডটাউন বাস টার্মিনাল (Midtown Bus Terminal), Hudson Tunnel প্রজেক্ট, এবং I-81 Viaduct প্রজেক্ট।
- MTA-এর 2025-2029 ক্যাপিটাল প্ল্যানকে (Capital Plan) সম্পূর্ণ তহবিল দিয়েছেন, যেখানে নিউ ইয়র্ক সিটি অঞ্চলের ট্রানজিট ব্যবস্থাকে আধুনিক এবং বড় করার জন্য 68 বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি করা হয়েছে।
- পুরো আপস্টেট নিউ ইয়র্কে বড় বড় এয়ারপোর্ট উন্নয়ন প্রজেক্টের কাজ শেষ হয়েছে, যার মধ্যে রোচেস্টার (Rochester), বিংহ্যামটন (Binghamton), সিরাকিউজ (Syracuse), সালিভ্যান (Sullivan), ওগডেন্সবার্গ (Ogdensburg), এবং সারাটোগা (Saratoga) কাউন্টি আছে।
- স্থানীয় পানি ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ করার জন্য গত ফিসক্যাল ইয়ারে রেকর্ড 3.8 বিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে, যা পরিষ্কার খাওয়ার পানির অ্যাক্সেস নিশ্চিত করা এবং বন্যার স্থিতিশীলতা জোরদার করা নিশ্চিত করতে সাহায্য করছে।
- পুরো স্টেটে 30টি নতুন কমিউনিটি সেন্টারের উন্নয়ন ও নির্মাণের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে যার ফলে প্রায় 400,000 নিউ ইয়র্কবাসী লাভবান হবেন বলে আশা করা যাচ্ছে।
- গভর্নরের "Unplug and Play" উদ্যোগের মাধ্যমে পুরো নিউ ইয়র্কে নতুন পার্ক, সবুজ স্থান, এবং পুল গঠন করার প্রজেক্ট অগ্রসর করা হয়েছে, স্টেটের বিনিয়োগের কারণে Jones Beach East Complex Bathhouse-এর মতো প্রজেক্টের কাজ এই বছর শেষ হবে, যা পরিবার ও শিশুদের একটি নতুন সুইমিং পুল এবং বিনোদনমূলক ফ্যাসিলিটি দিবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন